রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৩, ২০২১

## ২য় খণ্ড

## প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।

**রাষ্ট্রপতির কার্যালয়**

**আপন বিভাগ**

**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ ফাল্গুন ১৪২৭/২২ ফেব্রুয়ারি ২০২১

নং **০২.০০.০০০০.০০৭.১৯.৪৩১.১৯.২৩৩**—রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগের ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের কর্মকর্তাগণের পদোন্নতি/ উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটির ১৭ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের পরিপ্রেক্ষিতে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর বিধান অনুযায়ী এ বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ৩৫৫০০-৬৭০১০/- বেতনক্রমে নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহরিয়ার কবির সহকারী প্রোগ্রামার | প্রোগ্রামার [গ্রেড-৬] |

শর্তাবলী :

(ক) পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে ১ (এক) বছর শিক্ষানবিসকাল হিসেবে বিবেচিত হবে। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে শিক্ষানবিসির মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন;

(খ) শিক্ষানবিসকালে তার আচরণ ও কর্ম সন্তোষজনক হলে শিক্ষানবিসকাল শেষে তাকে পদোন্নতিপ্রাপ্ত পদের চাকরিতে স্থায়ী করা হবে;

(গ) শিক্ষানবিসির মেয়াদ চলাকালে (বর্ধিত মেয়াদ থাকলে তাসহ) তার আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে যে পদ হতে পদোন্নতি প্রদান করা হয়েছিল সে পদে প্রত্যাবর্তন করাতে পারবেন;

(ঘ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে; এবং

(ঙ) এ পদোন্নতি পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

২। বিধি মোতাবেক সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**মোহাম্মদ আলম হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্পেশাল সিকিউরিটি ফোর্স**

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ মাঘ ১৪২৭/৩১ জানুয়ারি ২০২১

**প্রেষণে নিয়োগ—অফিসার**

বরাত :

ক। নৌ-বাহিনী সদর দপ্তর, নৌ সচিবালয় পত্র নং ২৩.০২.২৬২৬.১০১.১১.০০১.২০.১৮৪, তারিখ ২৪ জানুয়ারি ২০২১ (সকলকে নয়)।

খ। নৌ-বাহিনী সদর দপ্তর, নৌ সচিবালয় পত্র নং ২৩.০২.২৬২৬.১০১.১১.০০১.২০.১৮৫, তারিখ ২৪ জানুয়ারি ২০২১ (সকলকে নয়)।

গ। নৌ-বাহিনী সদর দপ্তর, নৌ সচিবালয় পত্র নং ২৩.০২.২৬২৬.১০১.১১.০০১.২০.১৮৮, তারিখ ২৫ জানুয়ারি ২০২১ (সকলকে নয়)।

নং **০৩.১৩.২৬৯০.৫৬৬.১৮.০৬৬.২০.১১০—১**। বরাত ক, খ এবং গ মোতাবেক নিম্নবর্ণিত অফিসারগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে ও তারিখে শর্ত সাপেক্ষে অত্র বাহিনীতে প্রেষণে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রঃ নং | নং, পদবি ও নাম | নিযুক্তি | নিযুক্তির তারিখ |
|---|---|---|---|
| (১) | পিনং-২৭৮২ লেঃ মাহমুদ সাব্বির, (এক্স), বিএন | সহকারী পরিচালক | ৩১-০১-২০২১ (সকাল) |
| (২) | পিনং-২৯৪৬ লেঃ একেএম তাকিমুল হাসান, (এক্স), বিএন | সহকারী পরিচালক | ২৮-০১-২০২১ (সকাল) |
| (৩) | পিনং-৩১২১ লেঃ মোঃ ফাহাদ হোসাইন, (এক্স), বিএন | সহকারী পরিচালক | ২৮-০১-২০২১ (সকাল) |

**শর্তসমূহ**

ক। তাঁরা প্রেষণাধীন সংস্থার প্রচলিত বিধি-বিধান মোতাবেক যাবতীয় সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন।

খ। তাঁরা বর্তমান পদে যোগদানের অব্যবহিত পূর্বের অফিসের প্রদত্ত এলপিসি-এর ভিত্তিতে বেতন-ভাতাদি উত্তোলন করবেন।

গ। তাঁরা প্রযোজ্য সকল কর্তনাদি প্রদান অব্যাহত রাখবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**মাহমুদুল হাসান**
মেজর
উপপরিচালক (প্রশাসন)
মহাপরিচালক এর পক্ষে।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ পৌষ ১৪২৭/০৩ জানুয়ারি ২০২১

**প্রেষণে নিয়োগ—অফিসার**

বরাত :

ক। বিমান বাহিনী সদর দপ্তর, বিমান সচিব শাখা পত্র নং ০৬.০৩.২৬০০.০০২.৫৮.২১৪.২০.০০১/১৬ক, তারিখ ৩০ ডিসেম্বর ২০২০ (সকলকে নয়)।

নং **০৩.১৩.২৬৯০.৫৬৬.১৮.০৬৬.২০.৩৪—১**। বরাত পত্র মোতাবেক বিডি-৯১১৮ উইং কমান্ডার মীর্জা মোস্তফা জামাল, জিডি (পি) কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্পেশাল সিকিউরিটি ফোর্স এর পরিচালক পদে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পূর্বাহ্ন হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রেষণে নিয়োগ করা হলো :

**শর্তসমূহ**

ক। তিনি প্রেষণাধীন সংস্থার প্রচলিত বিধি-বিধান মোতাবেক যাবতীয় সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন।

খ। তিনি বর্তমান পদে যোগদানের অব্যবহিত পূর্বের অফিসের প্রদত্ত এলপিসি-এর ভিত্তিতে বেতন-ভাতাদি উত্তোলন করবেন।

গ। তিনি প্রযোজ্য সকল কর্তনাদি প্রদান অব্যাহত রাখবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**আশিক-উল-হাসান চৌধুরী**
মেজর
উপপরিচালক (প্রশাসন)
মহাপরিচালক এর পক্ষে।

---

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**মানব সম্পদ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

নং **১১.০০.০০০০.৮০৩.৪৫.২৮৯.২০-৭৪**—বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের উপসচিব ড. দয়াল চাঁন মণ্ডল-কে গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪ এর ৪ ও ৭ ধারার বিধান, অর্থ মন্ত্রণালয়ের ০৬ এপ্রিল, ২০১০ তারিখের স্মারক পত্র অম/অবি/প্রবি-১/চাঃ বিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ এবং অর্থ মন্ত্রণালয়ের ১৪ অক্টোবর ২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫.৮১নং প্রজ্ঞাপন মোতাবেক ১৯-০২-২০২১ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ২০-০২-২০২১ খ্রিঃ হতে ১৯-০২-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে তাঁর অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

স্পীকারের আদেশক্রমে

**মোহাম্মদ খালেদুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ ০৩ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

নং **০৫.০০.০০০০.১২১.১২.০১৭.২০-৬১**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০২-০২-২০২১ তারিখের ৮০.০০.০০০০.১১০.১২.০০১.২১-৪৬ সংখ্যক পত্রের সুপারিশের ভিত্তিতে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ১৬০০০-৩৮৬৪০/- টাকা বেতনস্কেলে

নিম্নবর্ণিত কর্মচারীকে 'পরিবহন অফিসার' [১০ম গ্রেড] পদে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নং | কর্মচারীর নাম, পদবি ও কর্মস্থল | পদোন্নীত পদের নাম ও কর্মস্থল |
|---|---|---|
| ১. | বেগম মনিরা পারভীন<br>সহকারী পরিবহন অফিসার<br>সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা। | পরিবহন অফিসার<br>সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা। |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.১২১.১২.০১৬.২০-৬৩**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০২-০২-২০২১ তারিখের ৮০.০০.০০০০. ১১০.১২.০০২.২১-৪৭ সংখ্যক পত্রের সুপারিশের ভিত্তিতে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর ২২০০০-৫৩০৬০/- টাকা বেতনস্কেলে নিম্নবর্ণিত কর্মচারীকে 'হিসাবরক্ষণ কর্মকর্তা' [৯ম গ্রেড] পদে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নং | কর্মচারীর নাম, পদবি ও কর্মস্থল | পদোন্নীত পদের নাম ও কর্মস্থল |
|---|---|---|
| ১. | জনাব এ, এম, আজহারুল ইসলাম<br>হিসাব রক্ষক<br>সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা। | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা। |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. শাহীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ ফাল্গুন ১৪২৭/০২ মার্চ ২০২১

নং **১৭.০০.০০০০.০৮৪.৬০.০৫০.১৯-২৯**—নির্বাচন কমিশন সচিবালয়ের নিম্নবর্ণিত প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তাগণকে ৩নং কলামে বর্ণিত পদে ৫নং কলামে বর্ণিত তারিখ হতে স্থায়ী (Confirmed) করা হল :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, জন্ম তারিখ ও নিজ জেলা | যে পদে স্থায়ী করা হল | বর্তমান কর্মস্থল | যে তারিখ হতে স্থায়ী করা হল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>০৭-০৮-১৯৮৯, কুড়িগ্রাম | প্রশাসনিক কর্মকর্তা | নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | ১৫-০৭-২০১৮ |
| ২ | জনাব মোহাম্মদ মাহতাব উদ্দিন প্রামানিক<br>০৩-০১-১৯৮০, রাজবাড়ী | ব্যক্তিগত কর্মকর্তা | নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | ২৯-০৮-২০১৯ |
| ৩ | জনাব মোহাম্মদ খলিলুর রহমান<br>০৬-০৮-১৯৮১, কিশোরগঞ্জ | ব্যক্তিগত কর্মকর্তা | নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | ২৯-০৮-২০১৯ |
| ৪ | জনাব মুহাম্মদ জয়নাল আবেদীন মন্ডল<br>০১-০৯-১৯৭৫, রাজবাড়ী | ব্যক্তিগত কর্মকর্তা | নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | ২৯-০৮-২০১৯ |
| ৫ | জনাব মোহাম্মদ সেখ ফরিদ<br>০১-০১-১৯৭৭, জামালপুর | ব্যক্তিগত কর্মকর্তা | নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | ২৯-০৮-২০১৯ |
| ৬ | জনাব মোঃ আবুল কালাম আজাদ<br>৩১-১২-১৯৭১, সিরাজগঞ্জ | ব্যক্তিগত কর্মকর্তা | নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | ২৯-০৮-২০১৯ |

২। এ স্থায়ীকরণ জ্যেষ্ঠতার সহিত সম্পর্কিত নয়।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুল্যাহ্-আল- মোতাহ্সিম**
সিনিয়র সহকারী সচিব (জঃ ব্যঃ-৩)।

## জাতীয় রাজস্ব বোর্ড

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

নং **০৮.০১.০০০০.০১১.০১.০০৫.২১.১০১**—জনাব অমিত বরন দাশ (জন্ম তারিখ: ০১-০৩-১৯৬২ খ্রিঃ), রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি চট্টগ্রামকে ২৮-০২-২০২১ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০১-০৩-২০২১ খ্রিঃ তারিখ হতে ২৮-০২-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাধি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং **০৮.০১.০০০০.০১১.০১.০০৬.২১.১০২**—জনাব দিলীপ চৌধুরী (জন্ম তারিখ: ৩০-০১-১৯৬২ খ্রিঃ), রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি চট্টগ্রামকে ২৯-০১-২০২১ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ৩০-০১-২০২১ খ্রিঃ তারিখ হতে ২৯-০১-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাধি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মোঃ শামসুদ্দীন**
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)।

---

## কর প্রশাসন-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ ০১ ফাল্গুন ১৪২৭/১৪ ফেব্রুয়ারি ২০২১

নং **০৮.০১.০০০০.০২০.০১.৩৪২.২১/৫২**—জনাব মোঃ সিরাজুল ইসলাম, কর পরিদর্শক, সার্কেল-১২, কর অঞ্চল-১, চট্টগ্রাম-কে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ০৯-০৩-২০২১ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ (২৪,৮৭০×১৮)=৪,৪৭,৬৬০/- (চার লক্ষ সাতচল্লিশ হাজার ছয়শত ষাট) টাকা ল্যাম্পগ্র্যান্টসহ ১০-০৩-২০২১ হতে ০৯-০৩-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

নং **০৮.০১.০০০০.০২০.০১.৩৪৫.২১/৫০**—জনাব আবু সাঈদ মোঃ আনোয়ার, কর পরিদর্শক, সার্কেল-২১, কর অঞ্চল-১, ঢাকা-কে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ০৭-০২-২০২১ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ (২৩,৬৮০×১৮)=৪,২৬,২৪০/- (চার লক্ষ ছাব্বিশ হাজার দুইশত চল্লিশ) টাকা ল্যাম্পগ্র্যান্টসহ ০৮-০২-২০২১ হতে ০৭-০২-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জসিম উদ্দিন**
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)।

---

## কর প্রশাসন-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৭/১৮ ফেব্রুয়ারি ২০২১

নং **০৮.০১.০০০০.০১৯.০৭.০১০.২১.১১০**—নির্দেশিত হয়ে জাতীয় রাজস্ব বোর্ডের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন আয়কর বিভাগের কর্মকর্তা জনাব এস. এম. নাসির উদ্দিন, অতিরিক্ত সহকারী কর কমিশনার, সদর দপ্তর (প্রায়োগিক), কর অঞ্চল-২, চট্টগ্রাম এর জন্ম তারিখ : ৩০-০৪-১৯৬২ খ্রিঃ হিসেবে ২৯-০৪-২০২১ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্তিতে চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(ক) অনুযায়ী;

(ক) জনাব এস. এম. নাসির উদ্দিন চৌধুরী, অতিরিক্ত সহকারী কর কমিশনার সদর দপ্তর (প্রায়োগিক) কর অঞ্চল-২, চট্টগ্রামকে আগামী ২৯-০৪-২০২১ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো; এবং

(খ) তাঁর অনুকূলে ৩০-০৪-২০২১ খ্রিঃ তারিখ হতে ২৯-০৪-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (PRL) মঞ্জুর করা হলো।

২। তিনি বিধি মোতাবেক ১৮ (আঠার) মাস ছুটি নগদায়ন সুবিধা প্রাপ্য হবেন।

**মোসাঃ সেলিনা খাতুন**
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১)।

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : **১২ ফাল্গুন ১৪২৭/২৫ ফেব্রুয়ারি ২০২১**

নং **০৭.০০.০০০০০.০৮২.১৮.০০১.২০-৯০**—বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগবিধি **১৯৮১** এর ৬(১)(এ) ও ৭(১)(এ)(বি) ধারা অনুযায়ী চাকরি স্থায়ীকরণের সকল শর্ত পূরণ হওয়ায় বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে "সহকারী মহা হিসাবরক্ষক" পদে যোগদানের তারিখ হতে চাকরিতে স্থায়ী (Confirm) করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি ও পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থল | চাকরিতে যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব তানজিদ আহমেদ শোভন<br>উপপরিচালক, ০০১-০০১-৭৬১ | বাণিজ্যিক অডিট অধিদপ্তর, ঢাকা। | ০৩-০৯-২০১৮ |
| ২ | জনাব তাসনিম ফেরদৌস<br>উপপরিচালক, ০০১-০০১-৭৬২ | বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর, ঢাকা | ০৩-০৯-২০১৮ |
| ৩ | জনাব মুহাম্মদ আলমগীর হোসেন<br>উপপরিচালক, ০০১-০০১-৭৬৩ | স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর, ঢাকা। | ০৩-০৯-২০১৮ |
| ৪ | জনাব শাকিলা জামান<br>উপপরিচালক, ০০১-০০১-৭৬৪ | শিক্ষা অডিট অধিপ্তর, ঢাকা। | ০৩-০৯-২০১৮ |
| ৫ | জনাব তকদির হোসেন<br>উপপরিচালক, ০০১-০০১-৭৬৫ | বিদ্যুৎ ও জ্বালানী অডিট অধিদপ্তর, ঢাকা। | ০৩-০৯-২০১৮ |
| ৬ | জনাব সি এম ফজলে রাব্বী পলাশ<br>উপপরিচালক (চঃ দাঃ) ০০১-০০১-৭৬৭ | পূর্ত অডিট অধিদপ্তর, ঢাকা। | ০৩-০৯-২০১৮ |
| ৭ | মোসাঃ আফরোজা আক্তার রিম্মি<br>উপপরিচালক, ০০১-০০১-৭৬৮ | কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর, ঢাকা। | ০৩-০৯-২০১৮ |
| ৮ | জনাব ফারহানা বিনতে মোশাররফ<br>উপপরিচালক, ০০১-০০১-৭৬৯ | স্বাস্থ্য অডিট অধিদপ্তর, ঢাকা। | ০৩-০৯-২০১৮ |
| ৯ | জনাব জয়শ্রী মজুমদার রশ্মি<br>উপপরিচালক, ০০১-০০১-৭৭০ | সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, ঢাকা। | ০৩-০৯-২০১৮ |
| ১০ | জনাব আফরিন নাহার রওশন<br>উপপরিচালক, ০০১-০০১-৭৭১ | পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকা। | ০৩-০৯-২০১৮ |
| ১১ | জনাব মোঃ ফুয়াদ মিয়া<br>উপপরিচালক, ০০১-০০১-৭৭৩ | সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর, ঢাকা। | ০৩-০৯-২০১৮ |
| ১২ | জনাব আজরাফ আহমেদ ইমরান<br>উপপরিচালক, ০০১-০০১-৭৭৪ | রাজস্ব অডিট অধিদপ্তর, ঢাকা। | ০৩-০৯-২০১৮ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাছিমা আকতার**
উপসচিব।

---

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : **১১ ফাল্গুন ১৪২৭/২৪ ফেব্রুয়ারি ২০২১**

নং **৫৩.০০.০০০০.৩১২.১৩.০০১.২১.২১**—অগ্রণী ব্যাংক লিমিটেড এর উপব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আব্দুস সালাম মোল্যা এঁর বয়স ৫৯ বছর পূর্তিতে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৩(১) ধারা মোতাবেক তাকে ২৯-০১-২০২১ তারিখে চাকরি হতে অবসর প্রদান করা হলো এবং উক্ত আইনের ৪৭ ধারা অনুযায়ী তাঁর অনুকূলে ৩০-০১-২০২১ তারিখ হতে ২৯-০১-২০২২ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

২। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৫১(১) ধারা মোতাবেক তিনি সাধারণ ভবিষ্য তহবিলে প্রদত্ত চাঁদা এবং সুদ ব্যতীত অন্য কোনো অবসর সুবিধা প্রাপ্য হবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সফিউল আলম**
উপসচিব।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**শাখা-২ (প্রশাসন)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ মাঘ ১৪২৭/০৩ ফেব্রুয়ারি ২০২১

নং **০৮.০০.০০০০.০২৩.৬৫.০০১.২১.২১**—মোঃ শফিকুর রহমান, সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৩(১)(ক) অনুযায়ী ৩০-০১-২০২১ তারিখে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। তার অনুকূলে ৩১-০১-২০২১ হতে ৩০-০১-২০২২ পর্যন্ত অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। বিধি অনুযায়ী তার অনুকূলে ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ছুটি নগদায়ন (লাম্পগ্রান্ট) হিসেবে মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুসরাত জাহান নিসু**
সিনিয়র সহকারী সচিব।

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**
**অধিশাখা-২ (কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ বৈশাখ, ১৪২৬/১৩ মে, ২০১৯

নং **০৮.০০.০০০০.০৩৭.৬০.০৩৫.১৮.২৯২**—বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর ৭নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাদি পূরণ করায় নিম্নলিখিত কর্মকর্তার নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে সহকারী কর কমিশনার পদে তাঁর চাকরি স্থায়ী (Confirm) করা হলো :

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব তাজ মোহাম্মদ তরফদার, সহকারী কর কমিশনার কর অঞ্চল-বগুড়া। | ০৩-০৩-২০১৪ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আব্দুর রাজ্জাক**
উপসচিব।

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ ফাল্গুন, ১৪২৭ ব./১৮ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি.

নং **০৯.০০.০০০০.০৭৩.১৮.০৫৫.১০-৯৫**—অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগের ০১ পৌষ ১৪২২ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের এস.আর.ও নং ৩৬৯-আইন/২০১৫-এর অনুচ্ছেদ ৭(২), বাস্তবায়ন অনুবিভাগের ২১-০৯-২০১৬ তারিখের ০৭.০০.০০০.১৬১.০০.০০২.১৬(অংশ-১)-২৩২ সংখ্যক পরিপত্রের অনুচ্ছেদ (গ)(২) এবং বাস্তবায়ন অনুবিভাগের ৩০ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. তারিখের স্মারক নম্বর-০৭.০০.০০০০.১৬২.০৩.০০৬. ২০২০-১২৬ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তা-কে উচ্চতর গ্রেড (টাইম স্কেল) প্রদান করা হলো :

| কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান গ্রেড ও বেতন স্কেল | পরিবর্তিত গ্রেড ও বেতন স্কেল |
|---|---|---|
| শামীম আহম্মেদ প্রশাসনিক কর্মকর্তা | (৯ম গ্রেড) বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | (৮ম গ্রেড) বেতন স্কেল-২৩০০০-৫৫৪৭০/- |

০২। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মজিবর রহমান**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৬ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ/০১ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

নং **১০.০০.০০০০.১২৫.২৫.০০১.১৮.১০৭**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে United Nations Department of Peace Operations হতে Justice government provided-personnel হিসেবে United Nations Mission in South Sudan (UNMISS) এ Deployment এর উদ্দেশ্যে ১৯ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ হতে কিংবা প্রকৃত যাত্রার তারিখ হতে ১২ (বার) মাসের জন্য প্রেষণ মঞ্জুরের নিমিত্ত তাঁকে বর্তমান কর্মস্থল হতে বদলিপূর্বক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত আইন ও বিচার বিভাগে সংযুক্ত করা হলো :

| নং | কর্মকর্তার নাম | বর্তমান পদবি ও কর্মস্থল |
|---|---|---|
| ১. | বেগম জেবুন্নাহার আয়শা | বিচারক ( জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-২, কক্সবাজার |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **১০.০০.০০০০.১২৫.২৫.০০১.১৮.১১০**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে The United Nations Department of Peace Operations হতে Justice government provided-personnel হিসেবে United Nations Mission in South Sudan (UNMISS) এবং United Nations Mission in Somalia (UNSOM) এ Deployment এর উদ্দেশ্যে ০৭ মার্চ ২০২১ তারিখ ও ১৫ মার্চ ২০২১ তারিখ হতে কিংবা প্রকৃত

যাত্রার তারিখ হতে ১২ (বার) মাসের জন্য প্রেষণ মঞ্জুরের নিমিত্ত তাঁদেরকে বর্তমান কর্মস্থল হতে বদলিপূর্বক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত আইন ও বিচার বিভাগে সংযুক্ত করা হলো :

| নং | কর্মকর্তার নাম | বর্তমান পদবি ও কর্মস্থল |
|---|---|---|
| ১. | বেগম আফসানা আবেদীন | যুগ্ম জেলা ও দায়রা জজ, মুন্সীগঞ্জ |
| ২. | বেগম লুবনা জাহান | যুগ্ম জেলা ও দায়রা জজ, জামালপুর |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ১১ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ/২৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

নং **১০.০০.০০০০.১২৫.২৫.০০১.১৮.১০৩**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে United Nations Department of Peace Operations হতে Justice government provided-personnel হিসেবে United Nations Mission in South Sudan (UNMISS) এ Deployment এর উদ্দেশ্যে ০৭ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ হতে কিংবা প্রকৃত যাত্রার তারিখ হতে ১২ (বার) মাসের জন্য প্রেষণ মঞ্জুরের নিমিত্ত তাঁকে বর্তমান কর্মস্থল হতে বদলিপূর্বক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত আইন ও বিচার বিভাগে সংযুক্ত করা হলো :

| নং | কর্মকর্তার নাম | বর্তমান পদবি ও কর্মস্থল |
|---|---|---|
| ১. | বেগম নওরিন মাহবুবা | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ গোলাম মাহবুব**
উপসচিব (প্রশাসন-১)।

---

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ ফেব্রুয়ারি ২০২১

নং **১২.০০.০০০০.০৫২.১৯.০১০.১৯-১৮৩**—বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো :

মাসুমা জান্নাত (পরিচিতি নং-২৮১৫), প্রেষণে : মনিটরিং অফিসার আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা—অতিরিক্ত দায়িত্ব : কর্মসূচি পরিচালক, “বাংলাদেশের অপ্রচলিত ও বিলুপ্ত প্রায় ফল (আতা, শরিফা, বিলিম্বি, অরবরই, করমচা, গাব, বিলাতি গাব, বিচিকলা, গোলাপজাম, ডেওয়া, আঁশফল, জামরুল, বেল, কদবেল, চালতা, তিতিজাম ইত্যাদি) উৎপাদন ও সম্প্রসারণ কর্মসূচি”, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান**
উপসচিব।

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ/১৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

নং **৩৪.০০.০০০০.০৫১.১৫.০৪৯.২০১৬-১০১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-০৬-২০০৫ খ্রি. তারিখের এস, আর, ও ১৮২-আইন/২০০৫/সম/বিধি-১/এস-৯/২০০০ মোতাবেক এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়েল ১৭-০১-২০২১ খ্রি. তারিখের ৮০.০০.০০০০.১০৫.০৩২.০৫৬.২০-১৬ নং স্মারক এর সুপারিশক্রমে যুব উন্নয়ন অধিদপ্তরাধীন “শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র স্থাপন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের নিম্নবর্ণিত ০১ জন ৯ম গ্রেডের (১ম শ্রেণী) কর্মকর্তার নামের পার্শ্বে বর্ণিত পদে তার চাকুরী নিয়মিত করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার নাম ও পদবি | নিয়মিতকরণের জন্য সুপারিশকৃত পদের নাম |
|---|---|---|
| ০১। | জনাব মোঃ তৌহিবুর রহমান সহকারী পরিচালক | সহকারী পরিচালক |

০২। উল্লিখিত কর্মকর্তার উন্নয়ন প্রকল্পের চাকুরীকাল, তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় (বিধিশাখা-১) কর্তৃক ২০-০৬-২০০৫ খ্রি. তারিখে জারীকৃত উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদে পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫ প্রযোজ্য হবে এবং একই বিধিমালার ৫(৩) বিধি অনুযায়ী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০৯-০৩-২০১৭ খ্রি. তারিখের ৩৪.০৫১.০০০০.০০৩.০১.৪০.২০১৬-৮৯ নং স্মারকের অনুবৃত্তিক্রমে এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

০৩। এ আদেশটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ সাঈদ আলী**
উপসচিব।

---

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ মাঘ ১৪২৭/৩১ জানুয়ারি ২০২১

নং **৫৭.০০.০০০০.০৪০.১২.০০১.২০.১৪৬**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের গত ২৮-০১-২০২১ তারিখের ৮০.০০. ০০০০.১০৯.১২.০১১.২০২০-৩১ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ জাকির হোসেন-কে বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত-২০২০)-এর তফসিল ০১ এর ৪(ক) অনুযায়ী

'প্রশাসনিক কর্মকর্তা' পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে নিম্নোক্ত শর্তে পদোন্নতি প্রদান করা হলো :

শর্তাবলি :

(খ) সংশ্লিষ্ট বিধিমালার ৬(১)(খ) বিধি মোতাবেক তিনি ০১ (এক) বছর শিক্ষানবিস হিসেবে দায়িত্ব পালন করবেন। তবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ শিক্ষানবিসকাল অতিরিক্ত ০১ (এক) বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারবে;

(খ) সংশ্লিষ্ট বিধিমালার ৬(২)(খ) বিধি মোতাবেক শিক্ষানবিস থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বতন পদে পদাবনত (Revert) করতে পারবে; এবং

(গ) শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর চাকরি স্থায়ী করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসানা রহমান**
উপসচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ ফাল্গুন ১৪২৭/০২ মার্চ ২০২১

নং **৩০.০০.০০০০.০১০.৯৯.০০১.২০.৭২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ মার্চ ২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.২১-১৪২ নং প্রজ্ঞাপনমূলে জনাব মোঃ মহসীন, পরিচালক (উপসচিব), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-কে উক্ত সংস্থায় নির্বাহী পরিচালক পদে বদলিপূর্বক প্রেষণে নিয়োগ প্রদান করা হয়েছে। তিনি ০২-০৩-২০২১ খ্রি. তারিক পূর্বাহ্নে এ মন্ত্রণালয়ে যোগদান করেছেন। তার যোগদানপত্র গ্রহণপূর্বক বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর নির্বাহী পরিচালক (উপসচিব) পদে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হলো :

(খ) তিনি বেতনক্রম অনুযায়ী বেতন উত্তোলন করবেন;

(খ) তিনি পদের সঙ্গে সংশ্লিষ্ট আর্থিক ও অন্যান্য সুবিধাদি পাবেন;

(গ) তাকে বিনা ভাড়ায় বাসস্থান দেয়া হলে তিনি কোন বাড়ি ভাড়া ভাতা গ্রহণ করতে পারবেন না;

(ঘ) তিনি প্রযোজ্য সকল বাধ্যতামূলক চাঁদা যথা-ভবিষ্য তহবিল, গোষ্ঠী বীমা, কল্যাণ তহবিল ইত্যাদি বিধি মোতাবেক পরিশোধ করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুবুর রহমান**
উপসচিব।

---

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**বন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ ভাদ্র ১৪২৭/০৯ সেপ্টেম্বর ২০২০

নং **২২.০০.০০০০.০৬৮.১১.০১২.২০.৮১**—বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর বিধি-৭ এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (বন) গঠন ও ক্যাডার বিধিমালা, ১৯৮০ এর বিধি-৮ মোতাবেক বন অধিদপ্তরের জনাব মোঃ মারুফ হোসেন (১৩২১৬), সহকারী বন সংরক্ষক, সিলেট বন বিভাগ, সিলেট-কে বি.সি.এস (বন) ক্যাডার পদের চাকরিতে যোগদানের তারিখ হতে অর্থাৎ ০৭-১২-২০১৭ খ্রিঃ তারিক হতে স্থায়ী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এস এম ফেরদৌস**
উপসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৯ ফাল্গুন ১৪২৭/২২ ফেব্রুয়ারি ২০২১

নং **৩৩.০০.০০০০.১১৭.১৯.০০১.১৬-১৩৭**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (লাইভস্টক) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পাশে বর্ণিত পদে বদলি/পদায়ন করা হলো।

| ক্রমিক নং | গ্রেডেশন নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ১২৮২ | ডাঃ মোঃ মাহফুজুল হক<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, টাংগাইল সদর, টাংগাইল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা<br>প্রেষণে- প্রকল্প পরিচালক,<br>"উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন শীর্ষক প্রকল্প" প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৩.০০.০০০০.১১৭.১৯.০০১.১৪-১৩৯**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (লাইভস্টক) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পাশে বর্ণিত পদে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | গ্রেডেশন নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | পদায়নকৃত পদ কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | ৬৫০ | ডা: আব্দুল হামিদ<br>অধ্যক্ষ (চলতি দায়িত্ব)<br>ওটিআই, সাভার | পরিচালক (চলতি দায়িত্ব),<br>বিসিএস লাইভস্টক একাডেমী,<br>সাভার, ঢাকা। |
| ২। | ৬৭১ | ডা: মোঃ হাসান ইমাম<br>উপপরিচালক (বাজেট),<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | সিএসও (চলতি দায়িত্ব),<br>টক্সিকোলজী এন্ড জুরিসপ্রুডেন্স অনুবিভাগ,<br>৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। |
| ৩। | ৬৮৯ | ডা: শামীমা আক্তার<br>উপপরিচালক<br>লিভ, ডেপুটেশন, ট্রেনিং এন্ড রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। সংযুক্তি- চিফ ইপিডেমিওলজি ইউনিট, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | পরিচালক (চলতি দায়িত্ব),<br>পরিকল্পনা শাখা,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। |
| ৪। | ৬৯০ | জনাব মো: জহির উদ্দিন মিঞা<br>উপপরিচালক<br>আঞ্চলিক হাঁস-মুরগী খামার, চট্টগ্রাম। | পরিচালক (উৎপাদন) (চলতি দায়িত্ব)<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। |
| ৫। | ৭০৬ | ডা: মো: বজলুর রশিদ<br>উপপরিচালক<br>প্রাণিসম্পদ ঔষধাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। | অধ্যক্ষ (চলতি দায়িত্ব)<br>ইনস্টিটিউট অব লাইভস্টক সাইন্স এন্ড টেকনোলজী,<br>খুলনা। |
| ৬। | ৭০৮ | ডা: মো: শাখাওয়াত হোসেন<br>উপপরিচালক<br>লিভ, ডেপুটেশন, ট্রেনিং এন্ড রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। সংযুক্তি-অধ্যক্ষ, ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ, ঝিনাইদহ। | অধ্যক্ষ (চলতি দায়িত্ব)<br>ইনস্টিটিউট অব লাইভস্টক সাইন্স এন্ড টেকনোলজী,<br>গাইবান্ধা। |
| ৭। | ৭৬৫ | ডা: মোহাম্মদ আলী<br>উপপরিচালক<br>কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা | পরিচালক (চলতি দায়িত্ব)<br>হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা |
| ৮। | ৭৬৭ | ডা: শামসুন নাহার সুলতানা<br>উপপরিচালক<br>সংযুক্তি- জলাতঙ্ক টিকা শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা | সিএসও (চলতি দায়িত্ব)<br>প্যাথলজি অনুবিভাগ,<br>৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা |
| ৯। | ৭৮৬ | ডা: ভবতোষ কান্তি সরকার<br>উপপরিচালক<br>কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, সাভার, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা | পরিচালক (চলতি দায়িত্ব)<br>কৃত্রিম প্রজনন দপ্তর,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা |
| ১০। | ৭৯০ | ডা: দেবাশীষ দাশ<br>পি.এস.ও<br>মিডিয়া এন্ড সীড কালচার শাখা,<br>প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা। | পরিচালক (সম্প্রসারণ) (চলতি দায়িত্ব),<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। |
| ১১। | ৭৯৪ | ডা: মো: ইসহাক মিয়া<br>পি.এস.ও<br>গলাফুলা টিকা শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা। | পরিচালক (চলতি দায়িত্ব)<br>ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট, ময়মনসিংহ। |
| ১২। | ৮০০ | ডা: সুপ্রীতি কুমার চৌধুরী<br>পি.এস.ও<br>এক্টোপ্যারাসাইট শাখা, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। | সিএসও (চলতি দায়িত্ব)<br>এক্টোপ্যারাসাইটোলজি অনুবিভাগ,<br>৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। |
| ১৩। | ৮০১ | ডা: মনজুর মোহাম্মদ শাহজাদা<br>উপপরিচালক (চলতি দায়িত্ব) প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা | পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব)<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। |
| ১৪। | ৮০৩ | ডা: মো: আফাজ উদ্দিন মিঞা<br>সি.ভি.ও<br>কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল,<br>৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা | পরিচালক (চলতি দায়িত্ব)<br>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর,<br>ঢাকা বিভাগ, ঢাকা। |
| ১৫। | ৮০৪ | ডা: মো: আব্দুর রাজ্জাক<br>পি.এস.ও<br>এন্ডোপ্যারাসাইট শাখা, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। | সিএসও (চলতি দায়িত্ব)<br>এন্ডোপ্যারাসাইটোলজি অনুবিভাগ,<br>৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। |

| ক্রমিক নং | গ্রেডেশন নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | পদায়নকৃত পদ কর্মস্থল |
|---|---|---|---|
| ১৬। | ৮০৬ | ডা: এস.এম. আউয়াল হক<br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা খুলনা। | পরিচালক (চলতি দায়িত্ব)<br>কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা। |
| ১৭। | ৮১০ | জনাব মো: শাহজালাল খন্দকার<br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর | পরিচালক (চলতি দায়িত্ব),<br>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর বিভাগ, রংপুর। |
| ১৮। | ৮১১ | ডা: মো: নূরুল হুদা সরকার<br>পি.এস.ও<br>রাণীক্ষেত টিকা শাখা, এলআরআই, মহাখালী, ঢাকা | পরিচালক (চলতি দায়িত্ব),<br>প্রাণিসম্পদ ঔষধাগার,<br>৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। |
| ১৯। | ৮১২ | ডা: অজিত কুমার সরকার<br>উপপরিচালক (চলতি দায়িত্ব)<br>কেন্দ্রীয় মুরগী খামার, মিরপুর, ঢাকা। | পরিচালক (চলতি দায়িত্ব)<br>কেন্দ্রীয় মুরগী খামার,<br>মিরপুর, ঢাকা। |
| ২০। | ৮১৩ | ড. অমলেন্দু ঘোষ<br>পি.এস.ও<br>লিভ, ডেপুটেশন, ট্রেনিং এন্ড রিজার্ভ পদ, প্রেষণে- উপাধ্যক্ষ, ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ, ঝিনাইদহ। | অধ্যক্ষ (চলতি দায়িত্ব)<br>ইনস্টিটিউট অব লাইভস্টক সাইন্স এন্ড টেকনোলজি,<br>নেত্রকোণা। |
| ২১। | ৮১৪ | ডা: সুখেন্দু শেখর গায়েন<br>পি. এস. ও<br>তড়কা টিকা শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা। | পরিচালক (চলতি দায়িত্ব)<br>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর,<br>ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ। |
| ২২। | ৮১৫ | ডা: নিলুফা বেগম<br>পি. এস. ও<br>বাদলা টিকা শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা। | পরিচালক (চলতি দায়িত্ব)<br>লাইভস্টক ট্রেনিং ইনস্টিটিউট, সিলেট।<br>সংযুক্ত- ক্ষুরারোগ ভ্যাকসিন উৎপাদন অনুবিভাগ,<br>প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা। |
| ২৩। | ৮১৯ | ডা: মো: আব্দুল লতিফ<br>অধ্যক্ষ<br>বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা। | পরিচালক (চলতি দায়িত্ব),<br>বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা,<br>মিরপুর, ঢাকা। |
| ২৪। | ৮২২ | ডা: মো: শফিউল আহাদ সরদার<br>পি.এস.ও<br>ক্ষুরারোগ টিকা শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা। | সিএসও (চলতি দায়িত্ব)<br>ভাইরোলজী অনুবিভাগ,<br>৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। |
| ২৫। | ৮২৬ | জনাব এ ডি এম সাইফুল ইসলাম<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>প্রাণি প্রজনন, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা। | পরিচালক (চলতি দায়িত্ব)<br>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর,<br>বরিশাল বিভাগ, বরিশাল। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : **১১** ফাল্গুন **১৪২৭/২৪** ফেব্রুয়ারি **২০২১**

নং **৩৩.০০.০০০০.১১৭.১৯.০০১.১৪-১৪০**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (লাইভস্টক) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পাশে বর্ণিত পদে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | গ্রেডেশন নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | পদায়নকৃত পদ কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | ৭৬৬ | জনাব মো: আব্দুল মজিদ<br>উপপরিচালক<br>প্রাণিপুষ্টি ও পশুখাদ্য অনুবিভাগ,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | পরিচালক (চলতি দায়িত্ব)<br>লিভ, ডেপুটেশন ট্রেনিং এন্ড রিজার্ভ পদ,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা<br>সংযুক্তি- প্রাণিপুষ্টি ও পশুখাদ্য অনুবিভাগ,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। |
| ২। | ৮০৭ | ডা: মো: এমদাদুল হক তালুকদার<br>পি.এস.ও<br>প্রেষণে- প্রকল্প পরিচালক,<br>প্রাণিসম্পদ অধিদপ্তরের সক্ষমতা জোরদারকরণ প্রকল্প। | পরিচালক (চলতি দায়িত্ব)<br>লিভ, ডেপুটেশন ট্রেনিং এন্ড রিজার্ভ পদ,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা<br>প্রেষণে-প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের<br>সক্ষমতা জোরদারকরণ প্রকল্প। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৩.০০.০০০০.১১৭.১৯.০০১.১৭-১৪১**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (লাইভস্টক) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পাশে বর্ণিত পদে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | গ্রেডেশন নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | পদায়নকৃত পদ কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | ৯২৭ | ডা: দীন বন্ধু সাহা<br>সহকারী অধ্যাপক, ভিটিআই, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। | জেলা ট্রেনিং অফিসার<br>কুষ্টিয়া। |
| ২। | ৩৭ ব্যাচ | জনাব মো: রফিকুল ইসলাম (রতন)<br>সায়েন্টিফিক অফিসার, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, যশোর। | প্রভাষক<br>বিসিএস লাইভস্টক একাডেমী, সাভার, ঢাকা। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাদিরা হায়দার**
উপসচিব।

---

**মৎস্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ ফাল্গুন ১৪২৭/২৮ ফেব্রুয়ারি ২০২১

নং **৩৩.০০.০০০০.১৩৬.০৩.০০২.১৩-৯৩**—বিসিএস (মৎস্য) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদে বদলি/পদায়ন করা হলো :

জনাব মোঃ আবুল কালাম আজাদ, জেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ—সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, খাগড়াছড়ি।

০২। তিনি সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ এর নিকট অদ্য ২৮-০২-২০২১ তারিখ অপরাহ্নের মধ্যে দায়িত্ব হস্তান্তর করবেন এবং উল্লিখিত সময়ের পর থেকে তাৎক্ষণিক দায়িত্ব হতে অব্যাহতিপ্রাপ্ত বলে গণ্য হবেন। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুবোধ চন্দ্র ঢালী**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ ফাল্গুন ১৪২৭/০৩ মার্চ ২০২১

নং **৩৩.০০.০০০০.১২৬.০৫.০০২.১৪-১০৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৬-০৭-২০১৯ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৭.০০৭.১৮-১৯৫ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত এবং ৩৭তম বিসিএস পরীক্ষার মাধ্যমে বিসিএস (মৎস্য) ক্যাডারে ২৮-০৭-২০১৯ খ্রি. তারিখে যোগদানকৃত বেগম অনিন্দিতা রানী ভৌমিক, উপসহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নেত্রকোণা-এর আবেদনের পরিপ্রেক্ষিতে ১৩-০২-২০২১ খ্রি. তারিখ হতে তাঁকে উপসহকারী পরিচালকের চাকরি থেকে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করা হলো।

শর্ত :

ক. অডিট কার্যক্রম সম্পন্নের পর তাঁর নিকট সরকারের কোনো পাওনা থাকলে তিনি তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুবোধ চন্দ্র ঢালী**
যুগ্মসচিব।

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**বস্ত্র-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ/০৯ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

নং **২৪.০০.০০০০.১১৫.১৮.০৪৪.১৫.(অংশ-১)-৬১**—বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী বস্ত্র অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিম্নবর্ণিত ইন্সট্রাক্টর (কারিগরি) গণকে তাদের নামের পার্শ্বে উল্লিখিত তারিখ থেকে চাকরীতে স্থায়ী করা হলো :

| ক্র: নং | নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বর্তমান পদে যোগদানের তারিখ | চাকরি স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|---|
| ১। | জনাব মুহাম্মাদ রেদওয়ান হোসেন ইন্সট্রাক্টর (কারিগরি) | টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, ঝালকাঠি। | ২৪-০৫-২০১৭ খ্রি. | ২৪-০৫-২০১৭ খ্রি. |
| ২। | জনাব মোঃ তাজুল ইসলাম ইন্সট্রাক্টর (কারিগরি) | টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর। | ২৪-০৫-২০১৭ খ্রি. | ২৪-০৫-২০১৭ খ্রি. |
| ৩। | জনাব মোঃ রফিকুল ইসলাম ইন্সট্রাক্টর (কারিগরি) | টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর (সংযুক্ত), টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, ময়মনসিংহ (মূল)। | ২৪-০৫-২০১৭ খ্রি. | ২৪-০৫-২০১৭ খ্রি. |
| ৪। | জনাব মোঃ সাইদুর রহমান ভূঁইয়া ইন্সট্রাক্টর (কারিগরি) | শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল। | ২৪-০৫-২০১৭ খ্রি. | ২৪-০৫-২০১৭ খ্রি. |
| ৫। | জনাব মোঃ শাহরিয়ার রায়হান ইন্সট্রাক্টর (কারিগরি) | টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর | ২৪-০৫-২০১৭ খ্রি. | ২৪-০৫-২০১৭ খ্রি. |
| ৬। | জনাব মোঃ সেলিম বাদশাহ ইন্সট্রাক্টর (কারিগরি) | টেক্সটাইল ইনস্টিটিউট, টাংগাইল। | ২৪-০৫-২০১৭ খ্রি. | ২৪-০৫-২০১৭ খ্রি. |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-৪ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ বৈশাখ ১৪২৮/১২ মে ২০২১

**নং ৩৩.০০.০০০০.১২৯.৯৯.০০১.১৯-১৩৭**—সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ এর ৩(২) ধারা বলে সরকার কর্তৃক জারীকৃত ১৩-০৪-২০২১ তারিখের ১১০ নং প্রজ্ঞাপন মূলে ২০ মে হতে ২৩ জুলাই ২০২১ পর্যন্ত মোট ৬৫ (পঁয়ষট্টি) দিন বঙ্গোপসাগরে যে কোনো প্রকার মৎস্য নৌযান কর্তৃক সকল প্রকার মৎস্য আহরণ নিষিদ্ধ সময়ে মৎস্য আহরণ বন্ধ করার কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরকে একই আইনের ৪৩ ধারার প্রদত্ত ক্ষমতাবলে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নির্দেশক্রমে ক্ষমতা প্রদান করা হলো।

**নং ৩৩.০০.০০০০.১২৯.৯৯.০০১.১৯-১৩৮**—সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ এর অধীন ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্যে ৪৩ ধারার ক্ষমতাবলে ২(৮) ধারায় উল্লিখিত পরিচালকের দায়িত্ব পালনার্থে পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম কে নিযুক্ত করা হলো।

ইহা নির্দেশক্রমে জারি করা হলো।

**আ. ন. ম. নাজিম উদ্দীন**
উপসচিব।